# বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তা

১. যে কোন ছাত্র/ছাত্রীর, যার বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তা আছে, তার যদি সমবয়সী অন্যান্য ছাত্র ছাত্রীদের থেকে অনেক বেশী শিক্ষা গ্রহনের অসুবিধা থেকে থাকে অথবা তার কোন বিকলাঙ্গতা আছে যার ফলে, স্থানীয় স্কুলের সুযোগ সুবিধাগুলি তার পক্ষে ঠিকমত ব্যবহার করা সম্ভব নয় তাহলে স্কুল থেকে তার বাড়তি সাহায্য পাওয়া উচিত।

২. কোন কারনে শিক্ষা গ্রহন করার অসুবিধা, যেমন:

ক) কোন বিকলাঙ্গতা

খ) সমস্যামূলক আচরন

গ) বই পড়ার অসুবিধা

আপনার সন্তান স্কুলে যে ভাষায় কথা বলে, বাড়িতে সে ভাষায় কথা না বলে অন্য ভাষায় কথা বলে, কেবল মাত্র সেই কারনে তার বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তা থাকতে পারে না।

৩. বেশীর ভাগ ক্ষেত্রেই, যে সকল ছাত্র/ছাত্রীদের বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তা আছে, তাদের কি ধরনের সাহায্যের প্রয়োজন, সেটা তার স্কুলের ঠিক করা উচিত। যে সমস্ত ছাত্র ছাত্রীদের পক্ষে শিক্ষা গ্রহনের খুব বেশীরকম অসুবিধা আছে তাদের, স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর থেকে একটা মূল্যায়ন করা হয়, যেটাকে বলা হয় একটি "একটি আইনের মূল্যায়ন(A statutory Assessment)"। আপনি যদি মনে করেন যে আপনার সন্তানের বিশেষ শিক্ষার প্রয়োজন আছে, তাহলে আপনি এই মূল্যায়নের জন্য অনুরোধ করতে পারেন।

৪. স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর এই আইনের মূল্যায়ন(A statutory Assessment) করে থাকেন। যদি আপনার মতে আপনার সন্তানের এই আইনত: মূল্যায়ন করা প্রয়োজন, তাহলে স্থানীয় শিক্ষা বিভাগ/দফতরকে কতগুলি পদ্ধতি অবলম্বন করতে হবে। তারা যদি আপনার সন্তানের মূল্যায়ন করতে প্রত্যাখ্যান করে তাহলে আপনি স্পেশাল এডুকেশন ট্রাইবুনালে আপীল করতে পারেন।

যদি স্থানীয় শিক্ষা দফতর আপনার সন্তানের প্রয়োজনের মূল্যায়ন করতে রাজী হয় তাহলে আপনার সন্তানের সম্বন্ধে তাদের কতকগুলি জায়গা থেকে রিপোর্ট নিতে হবে। তার মধ্যে আছে:

ক) আপনি

খ) ডাক্তার
গ) শিক্ষাদান সংক্রান্ত মনোবিজ্ঞানী
ঘ) স্কুল

৫. আপনার সন্তানকে যখনই পরীক্ষা করা হোক না কেন, আপনার সেখানে উপস্থিত থাকার অধিকার আছে। আপনি যদি আপনার সন্তানকে কোন ডাক্তারী বা শিক্ষা সংক্রান্ত ব্যাপারে পরীক্ষা করতে দিতে প্রত্যাখ্যান করেন, তাহলে স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর অনুমতি দিতে বাধ্য করার জন্য আপনাকে কোর্টে নিয়ে যেতে পারে।

৬. আপনি যে রিপোর্ট লিখবেন তাতে আপনার সন্তান সম্বন্ধে, আপনার মতামত এবং অভিজ্ঞতা এবং অন্যান্য পেশাদারী ব্যক্তিরা যারা হয়ত আপনার সন্তানকে দেখেছেন, তাদের রিপোর্ট।

৭. এর পর আপনার সন্তানের যে ধরনের সাহায্য প্রয়োজন, সেটা কেবলমাত্র "বিশেষ শিক্ষার বিবৃতির (A statement of special educational needs)" মাধ্যমেই পাওয়া যেতে পারে কি না সেটা স্থানীয় শিক্ষা দফতর ঠিক করবে।

৮. "বিশেষ শিক্ষার বিবৃতি (A statement of special educational needs)"হচ্ছে একটি আইন সম্মত তথ্য এবং এই তথ্যে স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর নিম্নলিখিত বিষয়গুলি বর্নণা করা হবে।

ক) আপনার সন্তানের শিক্ষার প্রয়োজন গুলি
খ) এই প্রয়োজনগুলি মেটাতে যে যে সাহায্য তাদের পাওয়া প্রয়োজন

সাহায্যগুলি সাধারনতঃ বিস্তারিত ভাবে বর্নণা করা হয়। এই বিবৃতিতে এটাও বিশেষ ভাবে বলতে হবে যে কোথায় আপনার সন্তানকে শিক্ষাদান করা হবে। যদিও এই শিক্ষাদান বর্তমানে যে স্কুলে আপনার সন্তান যাচ্ছে সেখানেও চলতে পারে। আসলে বেশিরভাগ ছাত্র ছাত্রীরাই যে স্কুলে পড়াশোনা করছে, সেখানেই তাদের এই বিশেষ সাহায্য দেওয়া হয়ে থাকে।

৯. আপনি যদি স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর, তাদের বিবৃতিতে আপনার সন্তানের ব্যাপারে যে সিদ্ধান্ত নিয়েছেন সেটার সঙ্গে একমত না হন, তাহলে আপনার স্পেশাল এডুকেশন নিডস্ ট্রাইবুনালে আপীল করবার অধিকার আছে। বিশেষত: আপনি আপীল করতে পারেন যদি:

ক) আপনি অনুরোধ করা সত্বেও, স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর আপনার সন্তানের জন্য আইনত মূল্যায়ন বা পূনর্মূল্যায়ন করতে অস্বীকার করছেন ;

খ) স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর আইনত: মূল্যায়ন করার পর আপনার সন্তানের বিবৃতি দিতে অস্বীকার করেছে;

গ) এই বিবৃতিতে আপনার সন্তানের বিশেষ শিক্ষার এবং তার জন্য যে বিশেষ সাহায্যের প্রয়োজন সম্বন্ধে যা বলা হয়েছে সের সম্বন্ধে আপনি একমত নন;

ঘ) আপনার সন্তানের যে স্কুলে যাওয়া উচিত, স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর, বিবৃতিতে সেই স্কুলের নাম দেন নি;

ঙ) তারা যে স্কুলের নাম করেছেন, সেই স্কুলে আপনি আপনার সন্তানকে পাঠাতে চান না।

চ) স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর, আপনার সন্তানকে আপনি, এই বিবৃতিতে উল্লেখিত স্কুলে পাঠাতে চান না জানানোর পরেও তারা সেটা পরিবর্তন করতে রাজী নয়;

ছ) স্থানীয় শিক্ষা বিভাগ/দফতর পুনর্বিবেচনা করার পরেও আপনার সন্তানের বিবৃতি পরিবর্তন করতে রাজী নয়; অথবা

জ) আপনার সন্তানের জন্য এই বিবৃতি না চালানো সম্বন্ধে আপনি স্থানীয় শিক্ষা বিভাগ/দফতরের সঙ্গে একমত নন।

১০. অনেক স্কুলে তাদের নিজেদের অভিযোগ জানানোর পদ্ধতি আছে এবং আপনি হয়ত নিম্নলিখিত গুলি বিবেচনা করে দেখতে পারেন। তবে, আপনার এই অভিযোগের যদি যথাযথ বিবেচনা না করা হয় এবং এই বিষয়টি গুরুতর , তাহলে আপনি সেক্রেটারি অফ স্টেট ফর এডুকেশনের কাছে এই সম্বন্ধে অভিযোগ পাঠাতে পারেন। আপনি শিক্ষা বিভাগ/দফতরের, ভর্ত্তি হওয়ার আপীল প্যানেল অথবা বহির্ভুত(exclution) করার আপীল প্যানেলের সিদ্ধান্ত সম্বন্ধে স্থানীয় সরকারী ওমবুডসম্যানের কাছে অভিযোগ জানাতে পারেন। তবে স্থানীয় সরকারী ওমবুডসম্যান, কুশাসন(maladmimistration), যার মধ্যে থাকতে পারে যে কোন সংস্থার নিজেদের ব্যবস্থামত কাজ না করা অথবা যে কোন সংস্থা কোন কাজের সমাধান করতে দীর্ঘ দিন সময় নিচ্ছে , কেবল মাত্র এই বিষয় গুলির ব্যাপারে বিবেচনা করতে পারেন। ওমবুডসম্যানের কাছে নালিশ জানানো আপীল হিসাবে ব্যবহার করা চলবে না।

১১. আপনি যদি আপীল করতে চান, তাহলে প্রথমেই যত তাড়াতাড়ি সম্ভব আপনার অবশ্যই আইনের পরামর্শ নেওয়া উচিত। নিয়ম অনুযায়ি ল সেন্টার বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তার ব্যাপারে পিতামাতাদের আপীল করার ব্যাপারে সাহায্য করে। তবে এটা নির্ভর করে প্রত্যেকটি কেসের অবস্থার উপর। এবং ল সেন্টারের লোক সঙ্গতির উপর।

যদিও সবরকমভাবে এই লিফলেটের তথ্যগুলিকে সঠিক এবং আধুনিক(up to date) করবার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে, তবুও এটা মনে করা উচিত নয় যে এটা আইনের সম্পূর্ন এবং প্রামানিক(authoritative) বিবরণ। এটা আইনের কোন উপদেশও গঠন(constitute) করে না - কোন ভুল তথ্য এবং তাদের ফলাফলের জন্য আমাদের দায়ী করা চলবে না। যে সকল ব্যক্তিরা ইউনাইটেড কিংডমে বসবাস করছেন অথবা সেখানকার আইনের দ্বারা প্রভাবিত, এই লিফলেট কেবলমাত্র তাদের জন্য

জুন ২০০৩